

টেলিকম সেবায় এগিয়ে যাচ্ছে মীর টেকনোলজিস

তুহিন মাহমুদ

১০১০ সালের শেষের দিকে যাত্রা শুরু হয় দেশের অন্যতম টেলিকম সফটওয়্যার সেবাদাতা প্রতিষ্ঠান মীর টেকনোলজিসের। বুয়েট ও কানাডার কনক্রিডিয়া ইউনিভার্সিটি থেকে কমপিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক ডিগ্রিধারী রাফিউল ইসলামের নেতৃত্বে একাধিক ডেভেলপারের মাধ্যমে এগিয়ে যাচ্ছে প্রতিষ্ঠানটি। মোবাইল ডায়ালার, সফট সুইচ, ভ্যালু অ্যাডেড সার্ভিসসহ নানা ধরনের দক্ষতা উন্নয়ন

প্রশিক্ষণে এখন মীর টেকনোলজিস একটি পরিচিত নাম। এসব বিষয়ে সম্প্রতি মীর টেকনোলজিসের প্রধান নির্বাহী কর্মকর্তা রাফিউল ইসলাম খোলামেলা কথা বলেন এ প্রতিবেদকের সাথে।

তিনি বলেন, বর্তমানে আলোচিত একটি বিষয় হলো ভিওআইপি বা ভয়েস ওভার ইন্টারনেট প্রটোকল প্রযুক্তি। ইন্টারনেটের মাধ্যমে কম খরচে কথা বলার জন্য এ প্রযুক্তি ব্যাপকভাবে ব্যবহার হয়, যা বেশ জনপ্রিয়। বর্তমানে বাংলাদেশে এ প্রযুক্তি বৈধভাবে ব্যবহারের জন্য লাইসেন্স দেয়া হচ্ছে। ভিওআইপি এমন এক প্রযুক্তি, যা দিয়ে খুব সহজেই ইন্টারনেটের মাধ্যমে দেশে-বিদেশে কথা বলা যায়। তাই আন্তর্জাতিক টেলিযোগাযোগের ক্ষেত্রে এটি খুবই সহজ ও সাধারণী এক মাধ্যম। আর এ ভিওআইপি কল দেয়া-নেয়ার জন্য ‘এমটেল মোবাইল ডায়ালার’ সেবা দিচ্ছে মীর টেকনোলজিস। এ প্রসঙ্গে রাফিউল ইসলাম বলেন, এমটেল মোবাইল ডায়ালার যেকোনো এসআইপি সফট সুইচের সাথে মানানসই। অল্পমাত্রায় ইন্টারনেট ব্যাডউইডখ খরচে এ ডায়ালারটি দিয়ে বিশ্বের যেকোনো দেশে কল দেয়া-নেয়ার সুযোগ রয়েছে। সেবাদাতা নিজস্ব সুইচ আইপি বা পোর্ট পরিবর্তন করতে পারবেন। এছাড়া ডায়ালারটিতে আলাদা কোনো ফোনবুকের প্রয়োজন হয় না। দেশে-বিদেশে অনেক প্রতিষ্ঠান বর্তমানে এ ডায়ালারটি ব্যবহার করছে।

তিনি আরো বলেন, ভিওআইপি সেবায় আরেকটি প্রয়োজনীয় বিষয় হলো সফট সুইচ। এজন্য মীর টেকনোলজিসের রয়েছে ‘এমটেল

সফট সুইচ’। এটি একটি কার্যক্ষম সফট সুইচ, যার সাথে থাকছে বিলিং সুবিধা। এমটেল সফট সুইচ সম্পর্কে রাফিউল ইসলাম কমপিউটার জগৎ-কে জানান, এটি উচ্চমাত্রার নিরাপত্তা দিয়ে থাকে ও সহজেই কল কানেকটিভিটি তৈরি করতে সক্ষম। এছাড়া এমটেল সফট সুইচের সুবিধাগুলো হলো— আইপিটিএসপি সফট সুইচ, ভিওআইপি সফট সুইচ। রয়েছে কল রাউটিং, বিলিং, রিপোর্ট, কল ব্যাক সুবিধা। প্রিপেইড ও পোস্টপেইড সেবাসহ রয়েছে হোলসেল সুবিধা। বিস্তারিত জানার জন্য www.mTeldialer.com সাইটে ভিজিট করা যেতে পারে।

টেলিকম সেক্টরের জন্য প্রয়োজন একটি আদর্শ বিলিং সফটওয়্যার। আর এজন্য রয়েছে মীর টেকনোলজিসের ‘এমটেল বিলিং সফটওয়্যার’। এটি সহজেই চার্জিং, সেটেলমেন্ট এবং রিকনসিলেশন সেবা দিতে সক্ষম। এছাড়া শক্তিশালী এ বিলিং সফটওয়্যারটির মাধ্যমে ওরিয়েন্টেশন এবং ট্রাফিক ট্রানজিট সংস্করণ।

এমটেল বিলিং সফটওয়্যারের বিলিং সুবিধাগুলোর মধ্যে রয়েছে— আইজিড্রিউ বিলিং, আইসিএক্স বিলিং, আইপিটিএসপি বিলিং ও ভিওআইপি হোলসেল বিলিং সুবিধা।

টেলিকম সেবায় আরেকটি প্রয়োজনীয় সেবা হলো ভ্যালু অ্যাডেড সার্ভিস বা ভ্যাস। কল করা ছাড়া মোবাইলের মাধ্যমে এটিই সবচেয়ে বড় ধরনের সেবা। এ ক্ষেত্রেও কাজ করছে মীর টেকনোলজিস। ‘এম আমারসেল ভ্যাস’-এর মাধ্যমে প্রতিষ্ঠানটি দেশের সব মোবাইল অপারেটরের সাথে ভ্যাস কনটেন্ট প্রোভাইডার

হিসেবে সেবা দিচ্ছে। বর্তমান সময়ের সবচেয়ে আলোচিত টিভি টক শো গ্রামীণফোন ত্তীয় মাত্রার ভোট পোলিং সেবা দিচ্ছে মীর টেকনোলজিস লিমিটেড। বিস্তারিত জানতে ভিজিট করুন www.amarcell.com সাইটে।

মীর টেকনোলজিস ই-লার্নিংয়ের মাধ্যমে বাংলাদেশের যেকোনো প্রান্ত থেকে ঘরে বসেই ওরাকল প্রফেশনাল সার্টিফিকেট অর্জনের সুযোগ করে দিচ্ছে। রাফিউল ইসলাম জানান, মীর টেকনোলজিস ওরাকল ইউনিভার্সিটির

পার্টনার। তাই প্রতিষ্ঠানটি থেকে অল্প খরচে ওরাকল ইউনিভার্সিটির কোর্সওয়্যার, কোর্স সমাপ্তি সার্টিফিকেট পাওয়া যাবে। এছাড়া ওরাকল পরীক্ষার ২৫ শতাংশ ডিসকাউন্ট ভাট্চার সুবিধা রয়েছে মীর টেকনোলজিসে। বিস্তারিত জানতে ভিজিট করুন www.mirtechbd.com/education সাইটে।

উল্লেখ্য, মীর টেকনোলজিস সাফল্যের সাথে সিঙ্গাপুরে অনুষ্ঠিত ‘কমিউনিক এশিয়া ২০১৩’-এ অংশ নিয়ে গ্রাহকদের ব্যাপক সাড়া পেয়েছে। চলতি বছরে মীর টেকনোলজিস ফিলিপাইনে অনুষ্ঠিত এশিয়ান কনফারেন্স ও সংযুক্ত আরব আমিরাতে অনুষ্ঠিত জিটেক্স সমেলনে অংশ নেবে। আগামীতে মীর টেকনোলজিস কী ধরনের সেবা আনবে এ বিষয়ে প্রতিষ্ঠানটির প্রধান নির্বাহী কর্মকর্তা রাফিউল ইসলাম বলেন, মীর টেকনোলজিসের আছে বুয়েট সিএসই গ্যাজুয়েটদের নিয়ে তৈরি এক বিশাল ডেভেলপার টিম। রয়েছে বিশাল আইটি অবকাঠামো। মীর প্রত্যেকের অনেক আইটি প্রতিষ্ঠান রয়েছে। যেমন— আইজিড্রিউ সেবাদাতা প্রতিষ্ঠান মীর টেকনোলজিস (www.mirelecom-bd.com), আইসিএক্স সেবাদাতা

প্রতিষ্ঠান বাংলা টেলিকম (www.bticx.net), আইআইজি সেবাদাতা প্রতিষ্ঠান জিএফসিএল (www.gfclbd.com), ডাটা সেন্টার সেবাদাতা প্রতিষ্ঠান চলোএশিয়া (www.coloasiabd.com), আইএসপি সেবাদাতা প্রতিষ্ঠান বিটিএস (www.btslink.net), আইপিটিএসবি সেবাদাতা প্রতিষ্ঠান বিটিসি কমিউনিকেশন (www.btsnet.net) ইত্যাদি। আগামীতে সবার জন্য ফ্লাউড সার্ভিস নিয়ে আসবে মীর টেকনোলজিস। টেলিকম অপারেটরদের জন্য সব সেবার প্রাণকেন্দ্র হিসেবে সারাদেশে এবং বিশ্বে প্রতিষ্ঠিত হতে মীর টেকনোলজিস বন্ধপরিকর কর্তৃ



রাফিউল ইসলাম

